বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

ক সেট

পরীক্ষার নাম : দাখিল প্রাক-নির্বাচনী ২০১১ খ্রিস্টাব্দ

পরীক্ষার্থী : ২০১২ খৃষ্টাব্দ

বিষয় : বাংলা   বিষয় কোড : ১০৬

বহু নির্বাচনী অভীক্ষা

সময় : ৪০ মিনিট   মোট নম্বর : ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহু নির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। **‘বিলাতের অভিজ্ঞতা’ প্রবন্ধে ইংরেজরা জীবনের নানা ক্ষেত্রে কোনটিকে বড় স্থান দিয়েছে?**
ক. শিক্ষা   খ. প্রথা
গ. কর্মতৎপরতা   ঘ. কষ্ট সহিষ্ণুতা

২। **‘দিবাকর’ শব্দের অর্থ কী?**
ক. চন্দ্র   খ. সূর্য
গ. দিন   ঘ. রাত্রি

৩। **‘বিশেষ্যে’র পরিবর্তে যে পদ ব্যবহৃত হয় তাকে কোন পদ বলা হয়?**
ক. ক্রিয়া   খ. অব্যয়
গ. সর্বনাম   ঘ. বিশেষণ

৪। **‘নমাজ’ প্রবন্ধে লেখকের মর্মতলে তপ্ত-ব্যথা লুক্কায়িত থাকার বিষয়টি মূলত :**
ক. স্রষ্টাকে পাওয়ার আকাঙ্ক্ষা   খ. অসীমকে চেনার চেষ্টা করা
গ. নমাজ পড়তে না পারা   ঘ. সংসারে মন না বসা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :
‘জীবন দিয়েছেন যিনি, আহার দেবেন তিনি’ এমন ধারণায় বিশ্বাসী দিনমজুর শওকত সংসারের সকল কাজ-কর্ম ছেড়ে দিয়ে এখন মসজিদেই পড়ে থাকেন।

৫। **শওকতরে চিন্তায় ‘নবীদর্শন’ গল্পে বর্ণিত কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**
ক. নিষ্ক্রিয় সন্ন্যাসীর জীবন   খ. সকল সময় আল্লাহর স্মরণ
গ. প্রকৃত ইসলামের সাধনায় আত্মনিয়োগ   ঘ. সমাজ হচ্ছে মুসলমানদের শস্যক্ষেত্র

৬। **শওকত ও গোলাম মোহাম্মদের চরিত্রে যে দিকটির সাদৃশ্য আছে, তা হল–**
ক. বৈরাগ্যের প্রতি টান   খ. ধর্ম-চিন্তায় মগ্ন
গ. সংসারটা মিথ্যা মায়া   ঘ. জীবনকে পূর্ণ করা

‘নবীদর্শন’ গল্পে–

৭। **‘দূষিত আবহাওয়া’ বলতে গোলাম মুহম্মদ নিচের কোনটি বুঝিয়েছেন?**
ক. রোগ-জীবাণু যুক্ত আবহাওয়া   খ. লোভ-লালসায় আসক্ত জীবন
গ. তৎকালীন দিল্লীর জীবন-যাপন   ঘ. গোলাম মুহম্মদের সন্তান লাভ

৮। **‘জনসেবা য়ুনিভার্সিটি’ গল্পে ‘মন্ত্রিত্ব’কে ‘মাকাল ফল’ বলার কারণ কী?**
i. ক্ষমতার স্বল্পতা
ii. জনসেবার নামে প্রতারণা
iii. প্রাদেশিক ক্ষমতা লাভের আশা

নিচের কোনটি সঠিক
ক. i   খ. ii
গ. i ও ii   ঘ. ii ও iii

৯। **‘সত্যবাণী’ প্রবন্ধে–**

"আমাদের মুক্তি আমরা নিজের শক্তিতে লাভ করিব।" এখানে মুক্তি বলতে কাজী নজরুল ইসলাম মুসলিম সমাজের কোন দিকটি বুঝাতে চেয়েছেন?

ক. পুনর্জাগরণ খ. প্রচেষ্টা
গ. পরোপকার ঘ. আকাঙ্ক্ষা

১০। 'নতুন গফর' কবিতার তুফান বাড়িতে কী তোলপাড় করার কথা বলা হয়েছে?

ক. কাফুরের বন খ. সিন্ধু ঈগল
গ. কিশতীর পাটাতন ঘ. যাত্রীদের ভীরু অন্তর

১১। বিদায় হজ্জের ভাষণে হযরত মুহাম্মদ (স) কী নিয়ে বাড়াবাড়ি করতে নিষেধ করেছেন?

ক. ধর্ম খ. জাতিভেদ
গ. দাস-দাসী ঘ. নারীর অধিকার

১২। 'পূর্বাশার আলো' কবিতায় বর্ণিত ওরা এখন পার হতে চায় দুর্গম–

ক. মরুপথ খ. পাহাড়
গ. দীর্ঘপথ ঘ. অন্ধকার সময়

১৩। নিচের কোনটি 'দ্বন্দ্ব' সমাসের উদাহরণ?

ক. গাছ কাটা খ. লাল ফুল
গ. মা-বাবা ঘ. উপকূল

১৪। ফররুখ আহমদ তাঁর 'নতুন সফর' কবিতায় কাদের প্রতি আহ্বান জানান?

ক. বাউলি খ. মুসলমান
গ. বীর যোদ্ধা ঘ. নির্ভীক

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

সমুদ্র তীরবর্তী সুবর্ণ গ্রামের বাসিন্দা কাশেম উন্নত জীবনের আশায় পাড়ি জমান শহরে। শহরের লাল-নীল আলোকবাতি আর আয়েশী জীবন তাকে আলোড়িত করে। কিন্তু সেই সাগর পাড়ের কথা সারাক্ষণ মনে পড়ে।

১৫। উদ্দীপকের ভাবার্থ নিচের কোন চরণে প্রকাশ পেয়েছে?

ক. আর কি হে হবে দেখা যত দিন যাবে
খ. বারিরূপ কর, তুমি, এ মিনতি গাবে
গ. জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে
ঘ. কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

১৬। উদ্দীপকে বর্ণিত কাশেমের সাগর পাড়ের স্মৃতি মনে পড়ার মধ্য দিয়ে 'কপোতাক্ষ নদ' কবিতায় বর্ণিত কবি কল্পনার কোন দিকটি প্রকাশ পেয়েছে?

ক. প্রকৃতিপ্রেম খ. পল্লিপ্রীতি
গ. স্মৃতিকাতরতা ঘ. সাগরের প্রতি টান

১৭। 'তোমরা যাহা খাইবে, দাস-দাসীদিগকেও তাহাই খাওয়াইবে'– বিদায় হজ্জ প্রবন্ধে হযরত মুহম্মদ (স)-এর এই উক্তির শিক্ষণীয় বিষয় হচ্ছে–

ক. সম-অধিকার খ. মানবতাবোধ
গ. ন্যায় বিচার ঘ. দয়া-প্রদর্শন

১৮। 'আমার ছেলেবেলা' প্রবন্ধে ভাষা শিক্ষা আমার একটা বাতিক হয়ে দাঁড়ায়- এখানে 'বাতিক' হয়ে দাঁড়ায়–বলতে লেখক কী বুঝিয়েছেন?

ক. চর্চা খ. শখ
গ. ঝোঁক ঘ. অভ্যাস

১৯। 'আমাদের দেশে হবে সেই ছেলে কবে
কথায় না বড় হয়ে কাজে বড় হবে।'

উদ্দীপকে বর্ণিত কবির কামনা 'দুরন্ত আশা' কবিতার যে পংক্তি/পংক্তিগুলিতে ফুটে উঠেছে–

i. অন্নপায়ী বঙ্গবাসী স্তন্যপায়ী জীব
ii. ইহার চেয়ে হতেম যদি আরব বেদুইন
iii. বরশা হাতে ভরসা প্রাণে সদাই নিরুদ্দেশ

নিচের কোনটি সঠিক?

ক. i　　　　খ. ii

গ. ii ও iii　　　　ঘ. i , ii ও iii

২০। 'জীবন বিনিময়' কবিতা অনুযায়ী সম্রাট বাবরের কাছে শ্রেষ্ঠ ধন হচ্ছে তাঁর–

ক. রাজ্য　　　　খ. প্রজা

গ. সন্তান　　　　ঘ. নিজ প্রাণ

২১। 'এখানে ভাষা চুপ করিয়া আছে'–

কোথায় ভাষা চুপ করে আছে?

ক. সমুদ্রে　　　　খ. লাইব্রেরিতে

গ. চৌরাস্তায়　　　　ঘ. কালের গভীরে

২২। সৈয়দ আলী আহসান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কোন বিষয়ে এম.এ. ডিগ্রী লাভ করেন?

ক. বাংলা　　　　খ. ইংরেজি

গ. সংস্কৃত　　　　ঘ. ইতিহাস

২৩। কোন শ্রেণীতে অধ্যয়ন কালে ড. মুহম্মদ শহীদুল্লাহ্ রৌপ্য পদক পান?

ক. ৪র্থ　　　　খ. ৫ম

গ. ৭ম　　　　ঘ. ৮ম

২৪। 'পোষমানা এ প্রাণ'- কথাটি দ্বারা 'দুরন্ত আশা' কবিতায় বাঙ্গালীর কোন জীবনের কথা বলা হয়েছে?

ক. বন্দী　　　　খ. যাযাবর

গ. সংগ্রামী　　　　ঘ. ঘরকুনো

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :

মুরাদের প্রিয় লেখক শাহেদ আলী। বাংলাভাষার গ্রন্থ পাঠ ছাড়াও মুরাদ অন্য ভাষার নানা গ্রন্থ পাঠ করে থাকে। সে মাদরাসার বার্ষিক পরীক্ষার ফলাফল প্রদান অনুষ্ঠানে আরবী ভাষায় বক্তৃতা দিয়ে উপস্থিত সকলকে অবাক করেছিল।

২৫। আলোচ্য উদ্দীপকে মুরাদের আরবী ভাষায় বক্তৃতা করে সকলকে অবাক করার মধ্য দিয়ে 'আমার ছেলেবেলা' প্রবন্ধের লেখকের যে দিকটা ফুটে উঠেছে তা হচ্ছে–

ক. ইংরেজিতে প্রবন্ধ লিখতে পারা　　　　খ. গ্রিক অক্ষর পড়তে শেখা

গ. বাংলায় লেখার পারদর্শিতা　　　　ঘ. সংস্কৃতে বরাবর প্রথম হওয়া

২৬। আলোচ্য উদ্দীপকের ঘটনার মাধ্যমে 'আমার ছেলেবেলা' প্রবন্ধের আলোকে ডঃ মুহম্মদ শহীদুল্লাহ্‌র যে চারিত্রিক বৈশিষ্ট্য পাওয়া যায় তা হলো–

i. পড়ুয়া　　　　ii. ভাষাচর্চা

iii. অবাক হওয়া

নিচের কোনটি সঠিক?

ক. i　　　　খ. i ও ii

গ. ii ও iii　　　　ঘ. i, ii ও iii

২৭। 'জীবন বিনিময়' কবিতা অনুসারে বাবর কীভাবে অমর হলেন?

ক. রাজ্য-শাসনের মাধ্যমে　　　　খ. ব্যক্তিগত কৃতিত্বের দ্বারা

গ. প্রজা-বাৎসল্যের কারণে　　　　ঘ. পিতৃ-স্নেহের মাধ্যমে

২৮। 'পূর্বাশার আলো' কবিতায় বর্ণিত 'রাত শেষ হয়ে এলো' শব্দটি কারা বলে?

ক. ভীরু-কাপুরুষ　　　　খ. দুর্গম পথের যাত্রী

গ. সাধারণ মানুষ　　　　ঘ. পথ ভোলা জনগণ

২৯। ‘ঝগড়া বেঁধে যাওয়ায়, সেলিম রাজ্জাককে ঘাড় ধাক্কা দিয়ে বের করে দিল’ বাক্যটির মধ্যে নিচের কোন বাগধারাটির অর্থ প্রকাশ পেয়েছে?

ক. ঈদের চাঁদ | খ. অমাবশ্যার চাঁদ
গ. চাঁদের হাট | ঘ. অর্ধচন্দ্র

৩০। ‘ফাতেহা-ই-দোয়াজ-দহম’ কবিতায় উরজ, য়্যামেন, নজদ, হেযাজ, তাহামা কী?

ক. আরবের প্রদেশ | খ. মেসোপটেমিয়ার প্রদেশ
গ. সিরিয়ার প্রদেশ | ঘ. মিসরের প্রদেশ

৩১। ‘জনসেবা য়ুনিভার্সিটি’ গল্পে ইয়াকুব মন্ত্রী হওয়াকে কোন ডিগ্রীর সাথে তুলনা করা হয়েছে?

ক. বি.এ | খ. এম.এ
গ. ডক্টরেট | ঘ. ইন্টারমিডিয়েট

৩২। মোহাম্মদ লুৎফর রহমান রচিত বহুল পরিচিত উপন্যাস কোনটি?

ক. মহৎ জীবন | খ. রায়হান
গ. মানব জীবন | ঘ. প্রীতিউপহার

৩৩। ‘অনুজ্ঞা’ বলতে কী বুঝায়?

ক. আদেশ, উপদেশ | খ. যাওয়া, আসা
গ. খাওয়া, দাওয়া | ঘ. ভালো, মন্দ

৩৪। ‘আত্মবিশ্বাস ও জাতীয় প্রতিষ্ঠা’ প্রবন্ধে ‘জাতীয় উন্নতি’ কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক. জাতিকে শিক্ষিত করা | খ. আত্মবিশ্বাসী হওয়া
গ. গৌরবের পথে ধাবিত করা | ঘ. বিশ্বে শ্রেষ্ঠত্ব অর্জন করা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :

সাগর উত্তাল, দশ নম্বর মহাবিপদ সংকেত চলছে। উপকূলবর্তী এলাকার মানুষগুলো যে যার মত ছুটে চলেছে। ঘুটঘুটে অন্ধকারে পথ চলছে মিজান। কাঁটা-লতায় পা জড়িয়ে যাচ্ছে। এমন সময় বিদ্যুৎ চমকালো। মিজান দেখল সে এখন গোরস্থান এলাকায়—

৩৫। আলোচ্য উদ্দীপকে ‘ফেরা’ কবিতায় বর্ণিত যে বিষয়টি প্রকাশ পেয়েছে—

i. কঠিন পথ | ii. সংকটাপন্ন জীবন
iii. ধ্বংসযজ্ঞের দৃশ্য

নিচের কোনটি সঠিক?

ক. i | খ. i ও ii
গ. i ও iii | ঘ. ii ও iii

৩৬। ‘ঘুটঘুটে অন্ধকারে পথ চলছে মিজান’ উদ্দীপকের এই বর্ণনার ভাব ‘ফেরা’ কবিতার যে পংক্তিতে প্রকাশ পেয়েছে তা হচ্ছে-

ক. অবশেষে ফিরে এলাম | খ. এখানে যদিও কেউ নেই
গ. এবং এখানে আমি গল্প বলছি | ঘ. পথহীন ঘন অরণ্যের মধ্যে হেঁটেছি

৩৭। পল্লী কবি জসিম উদ্দিন তাঁর ‘যাব আমি তোমার দেশে’ কবিতায় ‘শাখী’ বলতে কাকে বুঝিয়েছেন?

ক. দস্যি ছেলে | খ. মেয়ে
গ. বনের বৃক্ষ | ঘ. বেতস বন

৩৮। ‘কস্তুরী’র মূল উৎস হচ্ছে—

ক. ফুল | খ. কর্দম
গ. পুকুর | ঘ. মৃগনাভী

৩৯। ‘যাব আমি তোমার দেশে’ বাক্যটিতে নিম্ন-রেখ শব্দটি কোন কারক?

ক. কর্ম | খ. করণ
গ. অপাদান | ঘ. অধিকরণ

৪০। সন্ধি প্রধানতঃ কত প্রকার?

ক. দুই | খ. তিন
গ. চার | ঘ. পাঁচ

— *** —

ক সেট

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

পরীক্ষার নাম : দাখিল প্রাক-নির্বাচনী ২০১১ খ্রিস্টাব্দ

পরীক্ষার্থী : ২০১২ খ্রি.

বিষয় : ইসলামের ইতিহাস; বিষয় কোড : ১০৯

বহু নির্বাচনী অভীক্ষা

সময় : ৪০ মিনিট মোট নম্বর : ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহু নির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]
প্রশ্নপত্রে কোনোপ্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

১। ‘উম্মুল কুরা’ বলা হয় কোন নগরীকে?
ক. মক্কা খ. মদিনা
গ. তায়েফ ঘ. ইয়েমেন

২। ‘আ-মুল ফিল’ বলা হয় কোন খ্রিস্টাব্দকে?
ক. ৫২০ খ্রিস্টাব্দ খ. ৫৭০ খ্রিস্টাব্দ
গ. ৫৭৯ খ্রিস্টাব্দ ঘ. ৫৮২ খ্রিস্টাব্দ

৩। চৌহান বংশের বিখ্যাত রাজা কে ছিলেন?
ক. জয়চাঁদ খ. গবিন্দ চাঁদ
গ. আনন্দ পাল ঘ. পৃথ্বীরাজ

৪। হযরত ওমর (রা)-এর শাসন ব্যবস্থার মূলনীতি কি ছিল?
ক. গণতন্ত্রের বিকাশ সাধন খ. রাজস্ব ব্যবস্থার উন্নয়ন
গ. আরব জাতীয়তাবাদ রক্ষা ঘ. অমুসলিমদের স্বার্থ সংরক্ষণ

৫। হযরত ওমর (রা) বিচার বিভাগকে পৃথক করেছিলেন মূলত:
ক. প্রশাসনিক ভারসাম্য রক্ষার্থে খ. খলিফার ক্ষমতা বাড়াতে
গ. নিরপেক্ষতা বজায় রাখতে ঘ. ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করতে

অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :
‘এখন যদি আঘাত লেগে থাকে তাহলে
এর আগে এমনি ধরনের আঘাত লেগেছে
তোমাদের বিরোধী পক্ষের গায়েও।”– আল-কুরআন

৬। এখন যদি আঘাত লেঘে থাকে বলতে মহাবনীর (স) জীবনের কোন যুদ্ধকে বুঝানো হয়েছে?
ক. বদর যুদ্ধ খ. উহুদ যুদ্ধ
গ. খন্দক যুদ্ধ ঘ. খাইবার যুদ্ধ

৭। উক্ত যুদ্ধ মুসলমানদের–
ক. সামরিক বিজয়ের প্রতীক ছিল খ. রাষ্ট্রের ভিত্তিকে সুদৃঢ় করে
গ. শক্তিশালী জাতিতে পরিণত করে ঘ. অর্থনৈতিক ভিত্তি শক্তিশালী হয়

৮। মহানবী (স)-এর আগমনকে মদিনাবাসী স্বাগত জানিয়েছিল কেন?
ক. রাজনৈতিক স্থিতিশীলতার আশায় খ. ব্যবসা-বাণিজ্য প্রসারের লক্ষ্যে
গ. মক্কাবাসীদের উপর প্রতিশোধের জন্য ঘ. সামাজিক মর্যাদা বৃদ্ধি কল্পে

৯। হাসান সাহেব বাল্যবিবাহ প্রতিরোধ করতে গিয়ে তাঁর নিজ গ্রাম ছাড়তে বাধ্য হন। হাসান সাহেবের গ্রাম ছেড়ে যাওয়ার সাথে মিল পাওয়া যায় মহানবী (স) এর–
ক. তায়েফ যাত্রা খ. মদিনায় আগমন
গ. মিরাজে গমন ঘ. সিরিয়ায় যাওয়া

১০। হযরত আবু বকর (রা) কত খ্রিস্টাব্দে খলিফা হন?
ক. ৬২৮ খ্রিস্টাব্দ খ. ৬৩০ খ্রিস্টাব্দ
গ. ৬৩২ খ্রিস্টাব্দ ঘ. ৬৩৪ খ্রিস্টাব্দ

১১। প্রাক-ইসলামী বাংলার প্রধান ধর্ম ছিল কোনটি?

ক. আর্য ধর্ম খ. জৈন ধর্ম
গ. বৌদ্ধ ধর্ম ঘ. হিন্দু ধর্ম

১২। হযরত আমীর হামজা (রা) কোন যুদ্ধে শহীদ হন?

ক. বদর যুদ্ধ খ. উহুদ যুদ্ধ
গ. খন্দক যুদ্ধ ঘ. মুতার যুদ্ধ

১৩। সিফ্‌ফিন-এর যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?

ক. ৬৫৬ খ্রিস্টাব্দ খ. ৬৫৭ খ্রিস্টাব্দ
গ. ৬৫৮ খ্রিস্টাব্দ ঘ. ৬৫৯ খ্রিস্টাব্দ

১৪। নিচের সারণির কোন সারিটির যথাযথ মিল রয়েছে?

ক	হযরত আবু বকর (রা)	প্রথম কুরআন সংকলক
খ	হযরত ওমর (রা)	আওয়াহুম মুবিন
গ	হযরত উসমান (রা)	ব্যকরণের পৃষ্ঠপোষক
ঘ	হযরত আলী (রা)	কোমল হৃদয়ের অধিকারী

১৫। হাজরে আসওয়াদের সাথে কুরাইশদের কিসের সম্পর্ক ছিল?

ক. অর্থনৈতিক সচ্ছলতা আনয়ন খ. সামরিক প্রতিপত্তি লাভ
গ. সামাজিক মর্যাদা বৃদ্ধি ঘ. কাবা ঘরের দায়িত্ব পাওয়া

১৬। কাশেম সাহেব তাঁর বাগান থেকে যখনই ফলফলাদী পাড়েন, তখনই একটি নির্দিষ্ট অংশ প্রতিবেশী গরিবদের মাঝে বিলিয়ে দেন। কাশেম সাহেবের এ কাজটি খোলাফায়ে রাশেদীনের কোন রাজস্ব খাতকে মনে করিয়ে দেয়?

ক. জাকাত খ. খারাজ
গ. উশর ঘ. আলফাই

১৭। বাংলাদেশের কোন অঞ্চলের ভাষায় প্রচুর আরবী শব্দ ব্যবহৃত হয়?

ক. নোয়াখালী খ. বরিশাল
গ. সিলেট ঘ. চট্টগ্রাম

অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :

বিরামপুর গ্রামে বাল্যবিবাহ বেড়ে যাওয়ায় গ্রামবাসী সিদ্ধান্ত গ্রহণ করে যে, তারা তাদের গ্রামে বাল্যবিবাহে কোন ধরনের সহযোগিতা করবে না।

১৮। বিরামপুরবাসীর সিদ্ধান্ত ইসলামের ইতিহাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ?

ক. হিলফুল ফুযুল খ. আকাবার শপথ
গ. মদিনা সনদ ঘ. হুদায়বিয়ার সন্ধি

১৯। উক্ত সিদ্ধান্তের ফলে–

ক. বংশগত কৌলিন্য প্রথা বিলুপ্ত হয় খ. যুদ্ধ-বিগ্রহ বন্ধ হয়ে যায়
গ. সকলে নিজ ধর্ম পালনের সুযোগ পায় ঘ. দ্রুত ইসলামের প্রসার ঘটে

২০। কোন ভণ্ড নবী কুরআনের বাণী নকল করে নিজস্ব পদ্ধতিতে নামায চালু করে?

ক. সাজাহ খ. তুলাইহা
গ. মুসাইলামা ঘ. আসওয়াদ আনসী

২১। তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?

ক. ১১৭৫ খ্রিস্টাব্দ খ. ১১৮৬ খ্রিস্টাব্দ
গ. ১১৯১ খ্রিস্টাব্দ ঘ. ১১৯২ খ্রিস্টাব্দ

২২। প্রাচীন বাংলা কিসের জন্য প্রসিদ্ধ ছিল?

ক. মৃৎশিল্প খ. কাষ্ঠ শিল্প
গ. বস্ত্র শিল্প ঘ. হস্ত শিল্প

২৩। হুদায়বিয়া সন্ধির চুক্তি লেখকের দায়িত্ব পালন করেন কোন সাহাবী?

ক. হযরত উসমান (রা) খ. হযরত আলী (রা)
গ. হযরত আবু উবাইদা (রা) ঘ. হযরত আব্দুল্লাহ ইবন যুবায়ের (রা)

২৪। ভারতে মুসলমানদের আগমনের ফলে–

i. বর্ণভেদের কঠোরতা কমে যায়
ii. শ্রেণীভিত্তিক সমাজ গঠিত হয়
iii. শান্তি ও স্বস্তি প্রতিষ্ঠা পায়

কোনটি সঠিক?

ক. i
খ. i ও ii
গ. i ও iii
ঘ. i, ii ও iii

২৫। আবু সুফিয়ান ইসলাম গ্রহণ করেন, মক্কা বিজয়ের–

ক. কিছুদিন পূর্বে
খ. পূর্বক্ষণে
গ. সাথে সাথে
ঘ. কিছু দিন পরে

২৬। আরবদের সিন্ধু বিজয়ের মূল কারণ কোনটি?

ক. ইসলামের সম্প্রসারণ
খ. ভারতের সম্পদ আহরণ
গ. হাজ্জাজের উচ্চাকাঙ্ক্ষা
ঘ. দাহিরের দায়িত্ব পালনে ব্যর্থতা

অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :

মিজান সাহেব সদ্য অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়াম্যান হয়ে এলাকার দুঃস্থদের তালিকা তৈরি করেন।

২৭। মিজান সাহেব কোন খলিফার আদর্শ অনুসরণ করেছেন?

ক. হযরত আবু বকর (রা)
খ. হযরত ওমর (রা)
গ. হযরত উসমান (রা)
ঘ. হযরত আলী (রা)

২৮। উক্ত আদর্শ গ্রহণের ফলে–

i. অর্থের সুষ্ঠু বণ্টন নিশ্চিত হয়
ii. ভাতা ভোগীদের স্তর নির্ধারণ সম্ভব হয়
iii. অমুসলিমদের নিরাপত্তা নিশ্চিত হয়

কোনটি সঠিক?

ক. i
খ. ii
গ. i ও ii
ঘ. ii ও iii

২৯। এ বছর পুর্ণিমার রাতে জাকজমকের সাথে দেবতার উদ্দেশ্যে প্রাণী উৎসর্গ করে ধর্মীয় অনুষ্ঠান করতে দেখে ধর্মগুরু আক্ষেপ করে বলেন, এভাবে ধর্ম পালন শাস্ত্রে নিষেধ। ধর্মগুরুর মনোভাবে প্রাক-ইসলামী বাংলার কোন ধর্মের চিত্র ফুঁটে উঠেছে?

ক. বৌদ্ধ ধর্ম
খ. আর্য ধর্ম
গ. জৈন ধর্ম
ঘ. হিন্দু ধর্ম

৩০। মক্কা বিজয়ের পর কুরাইশদের সাথে মুসলমানদের আচরণ কেমন ছিল?

ক. উদার
খ. স্বাভাবিক
গ. প্রভুসূলভ
ঘ. কঠোর

৩১। উহুদ যুদ্ধের পর কোন গোত্রকে মদিনা হতে বহিষ্কার করা হয়?

ক. বানু নাজির
খ. বানু বকর
গ. বানু কুরাইযা
ঘ. বানু কাইনুকা

৩২। মদিনার পূর্ব নাম কী ছিল?

ক. আবিসিনিয়া
খ. ইয়েমেন
গ. ইয়াসরিব
ঘ. নজদ

৩৩। 'খারেজী' শব্দের অর্থ কী?

ক. বহিষ্কৃত
খ. দলত্যাগী
গ. আত্মত্যাগী
ঘ. সোপর্দকারী

৩৪। হযরত আবু বকর (রা) কেন কুরআন পুস্তক আকারে সংকলন করেন?

ক. উচ্চারণের সুবিধার্থে
খ. হারিয়ে যাওয়ার সম্ভাবনায়
গ. পড়ার সুবিধার জন্য
ঘ. নির্ভুল করার লক্ষ্যে

৩৫। মক্কায় কুরাইশদের শক্তি হ্রাস পাওয়ার মূল কারণ কী ছিল?

ক. গোত্রীয় দ্বন্দ্ব
খ. সামাজিক অনৈক্য
গ. ধর্মীয় বিশৃংখলা
ঘ. অর্থনৈতিক অসচ্ছলতা

৩৬। Battle of the confederates এ কুরাইশরা কত দিন মদিনা অবরোধ করে রাখে?

ক. এক সপ্তাহ
খ. দুই সপ্তাহ
গ. তিন সপ্তাহ
ঘ. চার সপ্তাহ

অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮নং প্রশ্নের উত্তর দাও।

'পার কিনা পার কর যতন আবার
একবার না পারিলে দেখ শতবার।'

৩৭। কবিতাংশটি যথার্থ হয়েছিল কোন শাসকের জীবনে?

ক. মুহাম্মদ ঘুরী
খ. কুতুবউদ্দীন আইবেক
গ. বখতিয়ার খলজী
ঘ. তাজউদ্দীন ইয়ালদুজ

৩৮। উক্ত ঘটনার ফলে–

ক. আরবরা সিন্ধু বিজয় করে
খ. পাঞ্জাব মুসলমানদের অধিকারে আসে
গ. মুসলমানরা বাংলা দখল করে
ঘ. ভারতে স্থায়ী মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয়

৩৯। স্যামুয়েল বিশ্বাস ধনী বাবার একমাত্র সন্তান। তিনি উত্তরাধীকার সূত্রে পাওয়া সম্পত্তি বন্ধুদের নিয়ে খরচ করতে করতে এক পর্যায়ে একেবারেই নিঃস্ব হয়ে যান। স্যামুয়েল বিশ্বাসের পরিণতি কোন সভ্যতার কথা মনে করিয়ে দেয়?

ক. মিশরীয় সভ্যতা
খ. সুমেরীয় সভ্যতা
গ. ব্যাবিলনীয় সভ্যতা
ঘ. রোমান সভ্যতা

৪০। বাংলার কোন শাসক ইসলাম প্রচারের জন্য পাঁচ মন স্বর্ণ দান করেছিলেন?

ক. তুগরিল খান
খ. মুবারক শাহ
গ. সেকান্দার শাহ
ঘ. আযম শাহ

— *** —

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

ক সেট

পরীক্ষার নাম : দাখিল প্রাক-নির্বাচনী ২০১১ খ্রিস্টাব্দ

পরীক্ষার্থী : ২০১২ খৃষ্টাব্দ

বিষয় : বাংলা (সৃজনশীল) বিষয় কোড : ১০৬

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট — মোট নম্বর : ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ্য কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্যাংশ ও কবিতাংশ থেকে দুইটি করে চারটি প্রশ্নের উত্তর দিতে হবে। ব্যাকরণ অংশ থেকে নির্দেশনা মোতাবেক তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

গদ্যাংশ

১। মধ্যরাতে, পাশের বাড়ির মকবুলের আর্তচিৎকারে আবু তাহেরের ঘুম ভেঙ্গে যায়। সে আর দেরি না করে মকবুলকে নিয়ে যায় হাসপাতালে। কিছুক্ষণ পর মসজিদ হতে আযান ভেসে এলে আবু তাহের চলে যায় মসজিদে। এরপর বাড়িতে ফেরার পথে প্রায় ভেঙ্গে পড়া বাঁশের সাঁকো মেরামতে লেগে যায়।

ক) গোলাম মুহম্মদের প্রকৃতিতে কীসের দিকে স্বাভাবিক টান ছিল? ১
খ) 'নবীদর্শন' গল্পে 'সংসারের গৌরব' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ) আবু তাহেরের বাঁশের সাঁকো মেরামতের বিষয়টি 'নবীদর্শন' গল্পের কোন দিককে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ) আবু তাহেরের মানসিকতা 'নবীদর্শন' গল্পের আলোকে মূল্যায়ন কর। ৪

২। নাজমুলের কর্মচঞ্চলতা দেখে গ্রামের সকল মানুষ অবাক হয়। কারণ, সে কোন সময় বসে থাকে না। আরও একটি কারণে গ্রামের মানুষ অভিভূত হয়, তা হচ্ছে জ্ঞানের আলো ছড়াবার জন্য সে গ্রামে একটি নৈশ বিদ্যালয় স্থাপন করেছে। তাছাড়া অফিসেও নাজমুল প্রশংশিত। কারণ, সে সময় মত অফিসে যায় এবং নিজের দায়িত্ব যথাযথভাবে পালন করে সময় মত ফিরে আসে।

ক) 'বিক্ষতের অভিজ্ঞতা' প্রবন্ধে ইংল্যান্ডের প্রতিটি মানুষ উত্তরাধিকার সূত্রে কী লাভ করেছে? ১
খ) 'বিক্ষতের অভিজ্ঞতা' প্রবন্ধে 'ডায়েট এদের ব্যালান্সড' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ) নাজমুলের নৈশ বিদ্যালয় স্থাপনের মধ্য দিয়ে 'বিক্ষতের অভিজ্ঞতা' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) 'বিক্ষতের অভিজ্ঞতা' প্রবন্ধ অনুযায়ী ইংরেজ জাতির বৈশিষ্ট্য নাজমুলের মধ্যে কতটা ফুটে উঠেছে তা মূল্যায়ন কর। ৪

৩। নব নির্বাচিত মল্লিকপুর ইউনিয়নের চেয়াম্যান দেশের গণ্যমান্য, শিক্ষিত, পণ্ডিত ব্যক্তিদের দাওয়াত করলেন এবং তাঁর ভাষণে বললেন, 'আমাদের এলাকা অনুন্নত এবং অবহেলিত। এর উন্নয়নে প্রথমেই আমাদের যে কাজটি করতে হবে তা হলো– ছোট-বড়, ধনী-দরিদ্র সবাইকে শিক্ষার আলোয় আলোকিত করে তোলা। আর সে শিক্ষা দিতে হবে আমাদের মাতৃভাষা বাংলার মাধ্যমে যাতে সবাই তা বুঝতে পারে। এ বিষয়ে আমরা উপস্থিত সম্মানিত জ্ঞানী, গুণী, পণ্ডিতগণের সাহায্য চাই।

ক) জাতির পথপ্রদর্শক কারা? ১
খ) জাতীয় সাহিত্যের পুষ্টিসাধন বলতে কী বুঝানো হয়েছে? ২
গ) উদ্দীপকে উল্লিখিত চেয়ারম্যানের ভাষণে 'জাতির উত্থান' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) চেয়ারম্যানের উদ্যোগ 'জাতির উত্থান' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

৪। অভাবি পরিবারের ছেলে রাজ্জাক। নানারকম অভাব তার পড়ালেখায় বাধার সৃষ্টি করছিল। কিন্তু সে দৃঢ় প্রতিজ্ঞ, যেভাবেই হোক লেখাপড়া শেষ করতে হবে। এক সময় সে ভালোভাবেই লেখাপড়া শেষ করল এবং সমাজে সুন্দর প্রতিষ্ঠা পেল।

ক) প্রত্যেক মানুষের কাজই কিসের অনুরূপ হয়? ১
খ) 'অত্যাচারী ভয়ের পাত্র হলেও ঘৃণার পাত্র নয়'- আত্মবিশ্বাস ও জাতীয় প্রতিষ্ঠা প্রবন্ধে একথা কেন বলা হয়েছে? ২
গ) 'আত্মবিশ্বাস ও জাতীয় প্রতিষ্ঠা' প্রবন্ধে বর্ণিত কোন গুণটি অনুপ্রবেশের কারণে রাজ্জাক লেখাপড়া শেষ করতে পেরেছে, ব্যাখ্যা কর। ৩
ঘ) রাজ্জাকের সমাজে প্রতিষ্ঠা পাবার কারণ 'আত্মবিশ্বাস ও জাতীয় প্রতিষ্ঠা' প্রবন্ধ অবলম্বনে বিচার কর। ৪

কবিতাংশ

৫। কাদের ও নাদের একই গ্রামের দুই কৃষক। কাদের প্রচণ্ড খরতাপে মাথার ঘাম পায়ে ফেলে, রৌদ্রে পুড়ে যখন ফসলের মাঠে কাজ করে নাদের তখন কোন ছায়াশীতল বৃক্ষতলে বসে আসর মাতায়। বৃষ্টির দিনে কাদের যখন জলে ভিজে মাঠে যায় নাদের তখন বৈঠকখানায় বসে ঝালমুড়ি চিবায় আর বাপ, দাদা, চৌদ্দপুরুষের গল্প করে।

ক) 'তক্তপোশ' শব্দের অর্থ কী? ১
খ) 'দুরন্ত আশা' কবিতায় 'হৃদয় তলে বহ্নি জ্বালি' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ) কাদেরের চরিত্রে 'দুরন্ত আশা' কবিতায় কাদের কথা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের ঘটনাটি 'দুরন্ত আশা' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। বনফুলপুরী চাঁদপাড়া গাঁও, পদ্মা নদীর কূলে,
স্বর্গসুষমা ছড়িয়ে দিয়েছে, অজানা রঙিন ফুলে,
পুকুরের জলে বুনোলতা ভাসে, পাখিরা ডাকিছে শাখে,
সোনালী ধান দোল খেয়ে যায়, বিশাল দীঘির বাঁকে।
দামাল ছেলেরা ফুল তুলে আনে, বুনো ফুল গাছে লয়ে,
পাঁপড়ি ছিটিয়ে পথ হেঁটে যায়, পল্লী দুলালী মেয়ে।
কালো কালো মেঘ, জল নিয়ে ভাসে বনের মাথার পরে,
ছায়াভরা এ গাঁয়ে যেতে আমার বড়ই ইচ্ছে করে।

ক) 'যাব আমি তোমার দেশে' কবিতায় কোন ফুলের সুবাস ভেসে আসার কথা বলা হয়েছে? ১
খ) 'ডাহুক মেয়ে আসর মাতায়' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ) 'যাব আমি তোমার দেশে' কবিতায় গ্রাম্য মেয়ের কাজের সঙ্গে উদ্দীপকের পল্লী দুলালী মেয়ের কাজের সাদৃশ্য বিচার কর। ৩
ঘ) উদ্দীপকটিতে 'যাব আমি তোমার দেশে' কবিতাটির মর্মার্থ যথাযথভাবে ফুঁটে উঠেছে- মন্তব্যটির স্বপক্ষে তোমার মতামত তুলে ধর। ৪

৭। সাত বছরের সাঁতার না জানা এক শিশু নর্দমার নোংরা পানিতে পড়ে যায়। হাবুডুবু খেতে থাকে। এই নির্মম দৃশ্য কতক মানুষ হা করে তাকিয়ে দেখছিল। কিন্তু মাসুদ দেখামাত্রই ঝাঁপিয়ে পড়ে এবং শিশুটিকে উদ্ধার করে।
ক) 'পূর্বাশার আলো' কবিতায় 'মরিচীকা' শব্দের অর্থ কী? ১
খ) 'পূর্বাশার আলো' কবিতায় 'রাত শেষ হয়ে এলো' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ) মাসুদের শিশুটিকে উদ্ধার করার মধ্য দিয়ে 'পূর্বাশার আলো' কবিতার যে দিকটিকে ইঙ্গিত করেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের ঘটনাটি 'পূর্বাশার আলো' কবিতার মূল বক্তব্যের অনুরূপ মূল্যায়ন কর। ৪

৮। জমির একজন মধু বিক্রেতা। সে কেবল গ্রামেই মধু বিক্রি করে। মধু ফুরিয়ে গেলে গ্রামবাসী হা-হুতাশ শুরু করে। জমির আর দেরি না করে মধু সংগ্রহ করতে সুন্দরবনের উদ্দেশ্যে রওয়ানা দেয়। নৌপথে যাবার সময় প্রচণ্ড ঝড়ে নৌকা ডুবে যায়। অনেক কষ্টে সুন্দরবনে পৌঁছার পর সে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়। এরপরও জমির গ্রামবাসীদের জন্য মধু সংগ্রহ করতে পেরে উচ্ছ্বল হয়ে ওঠে।
ক) 'ফেরা' কবিতায় 'অনির্বাণ' শব্দের অর্থ কী? ১
খ) 'ফেরা' কবিতায় 'গাছ থেকে আলো সরে গিয়েছিল' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ) আলোচ্য উদ্দীপকে মধু ফুরিয়ে যাওয়া এবং গ্রামবাসীর হা-হুতাশের মধ্য দিয়ে 'ফেরা' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে গ্রামবাসীর প্রতি জমিরের ভালোবাসা 'ফেরা' কবিতার আলোকে মূল্যায়ন কর। ৪

ব্যাকরণ অংশ

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫
ক) ভাষা কাকে বলে? সাধু ও চলিত ভাষারীতির তিনটি পার্থক্য লিখ।
খ) গঠনভেদে শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লিখ।
গ) সকল কারকে সপ্তমী বিভক্তির প্রয়োগ দেখাও।

১০। ভাব সম্প্রসারণ কর : ৫×১=৫
পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি।
অথবা শিক্ষা সফরে যাবার অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট আবেদনপত্র লিখ।

১১। প্রবন্ধ রচনা কর : (যে কোনো একটি) ১০×১=১০
ক) কম্পিউটার
খ) চরিত্র গঠনে নমাযের গুরুত্ব
গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ
ঘ) তোমার প্রিয় ব্যক্তি
ঙ) তথ্য প্রযুক্তির ধারায় বাংলাদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

ক সেট

পরীক্ষার নাম : দাখিল প্রাক-নির্বাচনী ২০১১ খ্রিস্টাব্দ

পরীক্ষার্থী : ২০১২ খ্রি.

বিষয় : ইসলামের ইতিহাস (সৃজনশীল) ; বিষয় কোড : ১০৯

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট মোট নম্বর : ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রশ্নের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১। মাহ্দী সাহেব তার মাতৃভূমি শাহজাহানবাদে জনকল্যাণমূলক কাজ করে আসছিলেন। তাঁর এ কাজকে ক্ষমতাসীনরা তাদের ক্ষমতা হারানোর হুমকিস্বরূপ মনে করে তারা নানাভাবে মাহ্দী সাহেবের বিরোধিতা শুরু করে। এক পর্যায়ে এ স্থান তাঁর জীবন যাপনের জন্য কঠিন হয়ে দাঁড়ালে তিনি দূরবর্তী অঞ্চলে যান এবং সেখানে নির্বিঘ্নে শেষ জীবন কাটিয়ে দেন।

ক) আরবের অন্যতম সুন্দর ও স্বাস্থ্যকর স্থানের নাম কী? ১

খ) আইয়ামে জাহেলিয়া বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ) মাহদী সাহেবের উক্ত ঘটনা মহানবী (সা) এর কোন সময়ের কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের ঘটনা ও মহানবী (সা) এর উক্ত ঘটনা পুরোপুরি এক নয়–উক্তিটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

অথবা

শাহেদ সাহেব ইন্তেকালের সময় সিফাত ও সালমা নামের দুই সন্তান রেখে যান। সাথে রেখে যান কিছু সম্পত্তি ও জমিজমা। সিফাত তার বোন সালমাকে পিতার সম্পত্তি থেকে বঞ্চিত করার জন্য ষড়যন্ত্র করতে থাকে। এ অবস্থায় তাদের মামা ইসলামী আইনের যথার্থ অনসরণ করে সালমাকে তার সম্পত্তি বুঝিয়ে দিতে সিফাতকে নির্দেশ দেন।

ক) সাবা আল মু'আল্লাকাত কী? ১

খ) জাহেলী যুগের রাজনৈতিক অবস্থা কেমন ছিল? ব্যাখ্যা কর। ২

গ) সিফাতের মনোভাবে জাহেলী যুগের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ইসলামী আইনের যথার্থ অনুসরণের মাধ্যমে সালমার মত ৪ নারীদের সম্পত্তির অধিকার রক্ষা সম্ভব– তুমি কী একমত? উত্তরের স্বপক্ষে তোমার মত দাও। ৪

২। রহিম সাহেব নির্বাচনে পরাজিত হওয়ায় তার দলের লোকজনকে নির্বাচিত চেয়ারম্যান শফিক সাহেবের লোকেরা বাজারে আসতে বাধা প্রদান করে। উদ্ভুত পরিস্থিতিতে সংঘাতের সম্ভাবনা দেখা দিলে উভয় পক্ষের নেতৃবৃন্দ একটি সমঝোতা চুক্তি করে। চুক্তির শর্তানুসারে পরদিন থেকে রহিম সাহেবের লোকজন বাজারে আসতে থাকে এবং জনমত গঠন করে পরবর্তী নির্বাচনে জয়ী হওয়ার জন্য প্রচেষ্টা গ্রহণ করে।

ক) কাদেরকে 'মুহাজিরিন' বলা হয়? ১

খ) খালিদ বিন ওয়ালিদকে (রা) 'সাইফুল্লাহ' উপাধী দেয়ার কারণ বর্ণনা কর। ২

গ) সাক্ষরিত চুক্তিটির সাথে ইসলামের কোন ঘটনার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত চুক্তিটি পরবর্তী পর্যায়ে মুসলমানদের অগ্রযাত্রাকে সহজ করেছিল। মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

অথবা

কানপুর একটি স্বাধীন দেশ। অভ্যন্তরীণ কিছু দ্বন্দ্ব সংঘাত দূরীকরণে ও দেশের পরিবেশ সুষ্ঠু স্বাভাবিক রাখতে দেশের শাসক একটি নীমিতালা প্রণয়ন করেন। এ নীতিমালার মাধ্যমে সকল নাগরিকের সমান অধিকার নিশ্চিত করাসহ বেকারদের কর্মসংস্থান সৃষ্টি ও ক্ষতিগ্রস্তদের সাহায্য ও সহযোগিতাও করা হয়।

ক) খালিদ বিন ওয়ালিদ কত খ্রীস্টাব্দে ইসলাম গ্রহণ করেন? ১

খ) শিয়া বলতে কী বুঝ? বর্ণনা কর। ২

গ) কানপুরের শাসক নীতিমালা প্রণয়নে মহানবীর (সা) কোন শাসননীতির অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত নীতিমালাই মদীনা রাষ্ট্রের ভীতকে সুদৃঢ় করে– তোমার মতামত দাও। ৪

৩। মি. জেমস নিঝুম দ্বীপের নতুন অর্থমন্ত্রী নিযুক্ত হয়েই অর্থনীতির আমূল পরিবর্তনের লক্ষ্যে ভ্যাট নামে নতুন করারোপ করলেন। ব্যবসায়ীগণ এই ভ্যাটের বিরুদ্ধে আন্দোলন করে ভ্যাট প্রদানে অস্বীকৃতি জানায়। কিন্তু অর্থমন্ত্রীর কঠোর পদক্ষেপের কারণে ব্যবসায়ীগণ কর প্রদান করতে সম্মত হয়। ফলে অর্থনীতিতে বিপ্লব সাধিত হয়।

ক) খলিফা অর্থ কী? ১

খ) খোলাফায়ে রাশেদীন বলতে কি বুঝায়? ২

গ) ব্যবসায়ীদের নতুন কর প্রদানে অস্বীকৃতির ঘটনাটির সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) অর্থনীতিতে বিপ্লব সাধনের ক্ষেত্রে মি. জেমস খোলাফায়ে রাশেদীনের নীতিকে অনুসরণ করেছিলেন– এ বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

অথবা

হারুন অর রশীদ সাহসী ও ন্যায়পরায়ণ শাসক। তিনি ছদ্মবেশে রাতের অন্ধকারে নগরী ভ্রমণ করে প্রজাদের অবস্থা যাচাই করতেন। গরিবদের অভাব দূর করতে তিনি ভাতার ব্যবস্থা করেন। সামরিক দক্ষতা ও বীরত্ব দ্বারা তিনি বাইজানটাইন সম্রাটকে পরাস্ত করেন।

ক) জিজিয়া কী? ১

খ) বায়তুল মাল বলতে কী বোঝায়? ২

গ) হারুন অর রশীদ কোন খলিফার আদর্শ থেকে শিক্ষা গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) সাহসিকতার দিক দিয়ে হারুন অর রশীদ যেন উক্ত খলিফারই প্রতিচ্ছবি— পাঠ্যবইয়ের আলোকে উক্ত খলিফার মূল্যায়ন কর। ৪

৪। দক্ষিণাঞ্চলের বন্যা দুর্গতদের জন্য ত্রাণ সামগ্রী নিয়ে যাওয়ার পথে দুর্বৃত্তরা ত্রাণবাহী দুইটি ট্রাক ছিনতাই করে। খবর পাওয়ার পরও ঐ এলাকার ওসি দুর্বৃত্তদের গ্রেফতার ও মালামাল উদ্ধার করতে না পারায় জেলা পুলিশ সুপার উক্ত ওসিকে বরখাস্ত করে এবং তার স্থলে নতুন ওসি নিয়োগ করেন। নতুন ওসি-এর কঠোরতায় অপরাধীরা এলাকা ছাড়তে বাধ্য হয়। যার ফলে এলাকায় ব্যবসা বাণিজ্যে গতিশীলতা আসে।

ক) পৃথিবীর কত ভাগ লোক ভারতীয় উপমহাদেশে বাস করে? ১

খ) প্রাক-ইসলামী যুগের ভারত বর্ষের সামাজিক অবস্থার প্রধান বৈশিষ্ট্য বর্ণনা কর। ২

গ) উদ্দীপকের ঘটনায় মুসলমানদের কোন অভিযানের চিত্র ফুঁটে উঠেছে। ব্যাখ্যা কর। ৩

ঘ) নতুন ওসির অভিযানের সফলতার মত ঐ অভিযানের সফলতা ভারত বর্ষে ব্যবসা বাণিজ্যের পথকে সুগম করেছিল— তুমি কী একমত? তোমার মতামত দাও। ৪

অথবা

ঘটনা-১ : শতধা বিভক্ত পার্বত্য অঞ্চল ছিল গভীর অন্ধকারে নিমজ্জিত। কোন কেন্দ্রীয় শক্তি না থাকায় মি. রাজিব অতি সহজেই অত্র অঞ্চল জয় করে মুসলিম সাম্রাজ্যের ভিত্তি প্রতিষ্ঠা করেন।

ঘটনা-২ : পারস্পারিক হিংসা-বিদ্বেষ ও জাতিভেদের কারণে শাক্তিপুর এলাকায় অশান্তি বিরাজ করে। উঁচু বর্ণের মানুষের নিপীড়নের কারণে নীচু বর্ণের অনেক লোকই ধর্মান্তরিত হয়। ফলে পাশ্ববর্তী এলাকার রফিক সাহেব অতি সহজেই সেই এলাকায় আধিপত্য প্রতিষ্ঠা করতে সক্ষম হন।

ক) তরাইনের প্রথম যুদ্ধ কত খ্রিস্টাবের সংঘটিত হয়? ১

খ) তরাইনের দ্বিতীয় যুদ্ধের গুরুত্ব বর্ণনা কর। ২

গ) ঘটনা-১: রাজিব সাহেবের পার্বত্য অঞ্চলে সাম্রাজ্য প্রতিষ্ঠা উত্তর-ভারতের কোন অবস্থার সাথে মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ঘটনা-২: উদ্দীপকে রফিক যেন মুহাম্মদ ঘুরীরই প্রতিচ্ছবি— বিশ্লেষণ কর। ৪

৫। কামাল সাহেব একজন বড় সওদাগর। খোদাভীরু, কর্মনিষ্ঠ ও সৎ হিসেবে এলাকায় তাঁর বেশ সুনাম রয়েছে। তিনি ব্যবসায়িক উদ্দেশ্যে মহেশপুর গমন করেন। ব্যবসায়িক কাজের পাশাপাশি তিনি উক্ত এলাকাবাসীদের বিভিন্ন কুসংস্কারের থেকে মুক্ত করার চেষ্টা চালিয়ে যান। তাঁর কার্যক্রমে মুগ্ধ হয়ে মহেশপুরের অনেকেই সংস্কার আন্দোলনে যোগদান করেন্।

ক) বাংলায় ইসলাম প্রচার কয়টি পর্যায়ে বিভক্ত ছিল? ১

খ) প্রাক-ইসলামী বাংলার অর্থনৈতিক অবস্থার বর্ণনা দাও। ২

গ) কামাল সাহেবের কাজের সাথে প্রাক-ইসলামী বাংলার কাদের কাজের মিল পাওয়া যায়। ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত কামাল সাহেবের কার্যাবলি শাহ্ সুলতান বলখীর (রাঃ) কাজের প্রতিফলন — মূল্যায়ন কর। ৪

অথবা

টঙ্গীর বিশ্ব ইজতেমা শেষে একদল ধর্ম প্রচারক চন্দ্রচরে ধর্ম প্রচার করতে যান। সেখানে তারা কয়েকটি ভাগে বিভক্ত হয়ে দ্বীন প্রতিষ্ঠার কাজ করেন। এভাবে তারা বহু মানুষকে ইসলামে দীক্ষিত করেন এবং অনেক ধর্মীয় প্রতিষ্ঠান গড়ে তোলেন।

ক) হযরত বাবা আদম শহীদ (রাঃ) কোথায় ইসলাম প্রচার করেন? ১

খ) প্রাক-ইসলামী বাংলার রাজনৈতিক অবস্থার বর্ণনা দাও। ২

গ) চন্দ্রচরে ধর্ম প্রচার বাংলায় ইসলাম প্রচারের কোন সময়ের কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) বর্ণিত ধর্ম প্রচারকদের পথ ধরেই পরবর্তীতে বাংলায় ইসলামের প্রসার ঘটে, তোমার মতামত দাও। ৪

৬।



ক) X অঞ্চলের নাম কী? ১
খ) চিত্রে Y অঞ্চলের বর্ণনা দাও। ২
গ) চিত্রে B এবং Q অঞ্চলের তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ) এবং দু'টি ভিন্ন বৈশিষ্ট্যের হওয়া সত্ত্বেও আরব ভূখণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে–যুক্তি দাও। ৪

অথবা



ক) চিত্রটি কোন যুদ্ধক্ষেত্রের? ১
খ) উক্ত যুদ্ধে মুসলমানদের পরাজয়ের প্রধান কারণটি বর্ণনা কর। ২
গ) চিত্রে A এবং B অঞ্চলে সৈন্য সমাবেশের সুবিধা ও অসুবিধা আলোচনা কর। ৩
ঘ) চিত্রে P অঞ্চলে সৈন্য সমবেত করার যৌক্তিকতা পাঠ্য বইয়ের আলো

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

ক সেট

পরীক্ষার নাম : প্রাক-নির্বাচনী ২০১১ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলা; বিষয় কোড : ১০৬

বহু নির্বাচনী প্রশ্নপত্রের নির্দেশক ছক

চিন্তন দক্ষতার স্তর	গদ্যাংশ										পদ্যাংশ										বাংলা ব্যাকরণ						মোট	শতকরা (%)
	সত্যবাণী	নবীদর্শন	নামাজ	লাইব্রেরি	আত্মবিশ্বাস ও জাতীয় প্রতিষ্ঠা	আমার ছেলেবেলা	জাতির উত্থান	জনসেবা য়ুনিভার্সিটি	বিলাতের অভিজ্ঞতা	বিদায় হজ্জ	হামদ	ফাতেহা-ই দোয়াজ্ দহম্	দুরন্ত আশা	কপোতাক্ষ নদ	সৎ-সঙ্গ	জীবন বিনিময়	যাব আমি তোমার দেশে	ফেরা	পূর্বাশার আলো	নতুন সফর	১. পদ	২. সমাস	৩. বাগধারা	৪. (ব্যাকরণ) বাক্য	৫. কারক	৬. সন্ধি		
উচ্চতর দক্ষতা		৬				২৬								১৬				৩৬									৪	১০
প্রয়োগ		৫				২৫							১৯	১৫				৩৫					২৯		৩৯		৮	২০
অনুধাবন	৯	৭	৪		৩৪	১৮		৮		১৭			২৪		৩৮	২৭	৩৭		২৮	১৪							১২	৩০
জ্ঞান				২১		২৩	৩২	৩১	১	১১	২	৩০				২০		২২	১২	১০	৩	১৩		৩৩		৪০	১৬	৪০
মোট	৯	১৮	৪	২১	৩৪	৯২	৩২	৩৯	১	২৮	২	৩০	৪৩	৩১	৩৮	৪৭	৩৭	৯৩	৪০	২৪	৩	১৩	২৯	৩৩	৩৯	৪০	৪০	১০০